



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫।

এইচ.এস.সি প্রোগ্রাম : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে
ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর ওপেন স্কুল পরিচালিত হায়ার সেকেন্ডারি সার্টিফিকেট (এইচ.এস.সি) প্রোগ্রামে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ২০১০ সালের জাতীয় শিক্ষানীতির আলোকে নতুন সিলেবাস অনুযায়ী ১ম বর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে ০৩ আগস্ট, ২০১৬ হতে ব্যাংক রসিদ সংগ্রহকরত: বাউবি'র নির্ধারিত সোনালী ব্যাংক শাখায় (আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/ স্টাডি সেন্টার হতে জেনে নিতে হবে) ১০০/- (একশত) টাকা জমা দিয়ে ১৩ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে ভর্তি ফরম সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে সংগ্রহ, জমা দেওয়া ও ভর্তি হওয়া যাবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির জন্য বাউবি নির্ধারিত ফি সোনালী ব্যাংক জমা দিয়ে ভর্তির সকল কার্যক্রম ১৩ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রয়োজনে ভর্তিচ্ছু প্রার্থীগণ ইন্টারনেট থেকে (<http://www.bou.edu.bd>) ভর্তিফরম ডাউনলোড করে কিংবা ভর্তিফরমের ফটোকপি ব্যবহার করতে পারবেন। এরূপ ব্যবস্থায় ফরম জমা দেয়ার সময় ১০০/- টাকার ব্যাংক রসিদ সংযুক্ত করতে হবে।

বাউবির উপ-আঞ্চলিক কেন্দ্র অথবা নিম্নলিখিত আঞ্চলিক কেন্দ্র হতে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে এইচএসসি প্রোগ্রামে ভর্তির জন্য নির্ধারিত স্টাডি সেন্টারের নাম ও ঠিকানা জানা যাবে।

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা

আঞ্চলিক কেন্দ্র-ঢাকা, ৪/ক গডঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা -১২০৫। ফোনঃ ৯৬৭৩৬৬৯	আঞ্চলিক কেন্দ্র-বগুড়া, বিশ্বরোড, বনানী, বগুড়া-৫৮০০। ফোন-০৫১/৬২৭৯৪
আঞ্চলিক কেন্দ্র-চট্টগ্রাম, সি.আর.বি রোড, স্টেডিয়াম সংলগ্ন, চট্টগ্রাম। ফোন-০৩১/৬১৯৬৩৩	আঞ্চলিক কেন্দ্র-যশোর, উপ-শহর, যশোর। ফোন-০৪২১/৬৮৫২৬
আঞ্চলিক কেন্দ্র-সিলেট, পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট। ফোন-০৮২১/৭১৯৫২৩	আঞ্চলিক কেন্দ্র-রাজশাহী, নওহাটা, পবা, রাজশাহী। ফোন- ০৭২১/৮০০০০৮
আঞ্চলিক কেন্দ্র-বরিশাল, হাউজিং এস্টেট, রূপাতলী, বরিশাল। ফোন-০৪৩১/২১৭৬২৮২	আঞ্চলিক কেন্দ্র- ময়মনসিংহ, মাসকান্দা, ময়মনসিংহ। ফোন-০৯১/৬৫২৯৮
আঞ্চলিক কেন্দ্র-কুমিল্লা, নোয়াপাড়া, দুর্গাপুর, কুমিল্লা। ফোন-০৮১/৭৭৫৫৭	আঞ্চলিক কেন্দ্র-রংপুর, আর.কে.রোড, রংপুর। ফোন-০৫২১/৬৩৫৯৩
আঞ্চলিক কেন্দ্র-ফরিদপুর, হাড়োকান্দি (বরিশাল রোড), ফরিদপুর। ফোন-০৬৩১/৭১৪৮২	আঞ্চলিক কেন্দ্র-খুলনা, রৌশনীবাগ, খুলনা-৯২০৮। ফোন-০৪১/৭৩১৭৯৫

- ভর্তির ন্যূনতম যোগ্যতা : এসএসসি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ভর্তি ফরম সংগ্রহ, জমাদান এবং ভর্তি : ০৩ আগস্ট, ২০১৬ বুধবার থেকে ১৩ অক্টোবর, ২০১৬ বৃহস্পতিবার পর্যন্ত। পরবর্তী ১৫ দিন পর্যন্ত ১০০ (একশত) টাকা বিলম্ব ফি দিয়ে ভর্তি করানো যাবে।
- বিলম্ব ফি দিয়ে ভর্তির শেষ সময় : ১৬ থেকে ৩১ অক্টোবর, ২০১৬ সোমবার।
- ওরিয়েন্টেশন ও টিউটোরিয়াল ক্লাশ শুরু : যথাক্রমে ২৩ ডিসেম্বর, ২০১৬ ও ৩০ ডিসেম্বর, ২০১৬।

ভর্তি প্রক্রিয়া: একটি স্টাডি সেন্টারে সর্বোচ্চ ৪০০ জনের বেশী শিক্ষার্থী ভর্তি করা যাবে না। ভর্তি ফি জমা দিয়ে আগে আসলে আগে ভর্তি হবে ভিত্তিতে আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টারে আসন পূরণ করা হবে। ভর্তি ফরমে প্রার্থীকে তার নিজস্ব অথবা যার মাধ্যমে যোগাযোগ করা সম্ভব তার মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। বাউবি কর্তৃক নির্ধারিত সেকশনের ভিত্তিতে টিউটোরিয়াল ক্লাশ পরিচালিত হবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির সময় ব্যাংক টাকা জমাদান রসিদের "প্রথম কপি" (শিক্ষার্থী মারফত বাউবির জন্য), আবেদনপত্র জমা দেয়ার প্রতিপত্র (Counterfoil), প্রথম শ্রেণীর কর্মকর্তা/সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ও কপি পাসপোর্ট আকারের ছবি ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের (জন্ম তারিখ উল্লেখসহ) সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূল সনদপত্র সাথে আনতে হবে (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরত দেওয়া হবে)।

ভর্তি ফি :	রেজিস্ট্রেশন ফি	=	১৫০/-	[৪র্থ বিষয়ের জন্য অতিরিক্ত কোর্স ফি ৫৬০/- টাকা এবং ব্যবহারিক কোর্স (প্রয়োজ্যক্ষেত্রে) প্রতি অতিরিক্ত ১২৫/- টাকা জমা দিতে হবে]
	কোর্স ফি (প্রতি কোর্স ৫৬০ টাকা হারে ৬টির জন্য)	=	৩,৩৬০/-	
	একাডেমিক ক্যালেন্ডার ফি	=	৫০/-	
	সর্বমোট ভর্তি ফি	=	৩,৫৬০/-	

বিঃদ্র: ভর্তির জন্য নিবাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ডাকযোগে ভর্তি সংক্রান্ত কোন পত্র বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে না। কোন অবস্থাতেই বর্ণিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করা যাবে না। যদি এমনটি ঘটে লেক্ষে ভর্তি বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় প্রার্থীকে সঠিক তথ্য দিতে হবে। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী, সিলেবাস, পরীক্ষার নিয়ম ইত্যাদি বাউবি'র একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

S. Sultana
(ড. সাদিয়া আফরোজ সুলতানা)
অধ্যাপক ও ডীন, ওপেন স্কুল, বাউবি।

এইচএসসি পরীক্ষা-২০১৫ আগামী ২৬-০৮-২০১৬ তারিখ থেকে শুরু হবে। বিস্তারিত তথ্যের জন্য (<http://www.bou.edu.bd>) ওয়েব সাইট দেখা যেতে পারে।